

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

www.bnfc.gov.bd

বিষয় : **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর জেলা পর্যায়ের ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত জুম সভার কার্যবিবরণী।**

সভাপতি : পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : ব্যুরোর সম্মেলন কক্ষ।

তারিখ : ১০ জানুয়ারি ২০২৪; সময়: বেলা ১১-০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি জানতে চান কোন কোন জেলা হতে প্রতিবেদন পাওয়া যায়নি। সে প্রেক্ষিতে সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, নেত্রকোনা, বান্দরবান, জয়পুরহাট এবং মেহেরপুর জেলা হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন পাওয়া যায়নি। এ ব্যাপারে ঐ সকল জেলার সহকারী পরিচালকগণ জানান যে, তাঁরা প্রতিবেদন ডাকযোগে প্রেরণ করেছেন। জুমে তাদের প্রতিবেদন পড়ে শোনান এবং ই-মেইলের মাধ্যমে পুনরায় পাঠাবেন মর্মে সভায় অবহিত করেন।

২। সভায় সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, এবার মন্ত্রিপরিষদ বিভাগের জেলা এবং আঞ্চলিক পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা মোতাবেক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। তৎপেক্ষিতে সকল জেলা হতে সে মোতাবেক সহকারী পরিচালকগণ ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন প্রেরণ করেছেন। তিনি আরও জানান যে, প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় শরীয়তপুর, পাবনা, ময়মনসিংহ, দিনাজপুর এবং ভোলা জেলার প্রতিবেদনে সংখ্যা এবং তারিখের সমস্যা রয়েছে। এ বিষয়ে সভায় উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) উল্লেখিত জেলাসমূহের প্রতিবেদনে প্রাপ্ত সমস্যার সমাধান প্রদান করেন। অতঃপর সহকারী পরিচালকগণকে ছক অনুসরণ করে সঠিকভাবে ৩য় ত্রৈমাসিকের প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

৩। সভাপতি সভায় উপস্থাপিত সকল বিষয় নিয়ে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে জেলার সহকারী পরিচালকগণকর্তৃক উপস্থাপিত সমস্যাসমূহের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্ত গ্রহণপূর্বক জুম সভায় উপস্থিত সকল অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুপারিশ/সিদ্ধান্ত:

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার তৃতীয় ত্রৈমাসিকের প্রতিবেদন আগামী এপ্রিল/২৪ মাসের ৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিবেদন প্রস্তুত করে প্রমাণক সহকারে প্রেরণ করতে হবে।
- ৩। আগামী ৫ কার্যদিবসের মধ্যে ষাণ্মাসিক মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ নিশ্চিত করতে হবে।

মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (প্রশাসন, অর্থ, বাস্তবায়ন ও প্রশিক্ষণ)

ফোনঃ ০২-২২৬৬০১১১৫

e-mail: diradmin@bnfc.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৭.১৬.১০৬.২২- ১৫

৩০ পৌষ ১৪৩০ ব.
তারিখ: ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি.

কার্যার্থে:

সহকারী পরিচালক,
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা (সকল)
জেলাঃ

সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
- ২। অফিস কপি।